

“বঙ্গবন্ধুর দর্শন সম্বন্ধে  
উন্নয়ন”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
ঋণ শাখা ডেস্ক-২  
www.brdb.gov.bd



স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫২১.৯৯.০০১.২০.১৫

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৭

২৫ জুন ২০২০

বিষয়: রূপসা ইউসিসিএ লিমিটেড, খুলনা এর নিজস্ব তহবিল থেকে ১১০,০০,০০০/- (এক কোটি দশ লক্ষ) টাকা ঋণ বিনিয়োগ অনুমোদন।

সূত্র: খুলনা জেলা দপ্তর বিআরডিবি'র পত্র নং- ৩৮৭, তারিখ: ১৫ জুন, ২০২০ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাবমতে রূপসা ইউসিসিএ লিমিটেড, খুলনা এর নিজস্ব তহবিল থেকে ২০১৯-২০২০ অর্থবছরে প্রথম পর্যায়ে আবেদনকৃত সংযুক্ত তালিকায় বর্ণিত ১৩ টি সমবায় সমিতির মোট ৩৫৯ জন সদস্যদের মধ্যে চিংড়ী চাষ খাতে ১১০,০০,০০০/- (এক কোটি দশ লক্ষ) টাকা ঋণ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বিতরণের চূড়ান্ত অনুমোদন প্রদান করা হলো:-

১।(ক) পূর্বের গ্রহীত ঋণ সমিতি ও সদস্য কর্তৃক ১০০% পরিশোধ এবং ঋণ গ্রহীতা সদস্যদের ১০% শেয়ার ১০% সঞ্চয় জমা থাকতে হবে। সরেজমিনে সমিতি পরিদর্শনপূর্বক সাপ্তাহিক/মাসিক কিস্তিতে ঋণ আদায়ের বিষয়টি নিশ্চিত হয়ে মঞ্জুরীকৃত ঋণ বিতরণ করতে হবে। কিস্তিতে ঋণ আদায় মনিটর করতে হবে এবং কিস্তিতে ঋণ আদায় না হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) ঋণ গ্রহীতা সমিতির খাতাপত্র হালনাগাদসহ সমিতির সাইনবোর্ড আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। সমিতির সভ্য রেজিস্ট্রার ইউসিসিএতে সংরক্ষিত সভ্য তালিকার সাথে যথাযথভাবে যাচাই করে মিলিয়ে নিতে হবে।

(গ) নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণ সরকার প্রদত্ত কোনরূপ ( আসল, সুদ ও দল্লসুদ) মওকুফ বা রেয়াতী সুবিধার আওতাভুক্ত হবে না। ঋণ বিতরণের পূর্বেই এমর্মে ঋণ গ্রহীতার নিকট হতে অঙ্গীকার পত্র গ্রহণ করতে হবে।

(ঘ) বিআরডিবি'র পত্র নং- ৪৭.৬২.০০০০.৫০২.০৫.১৩৬.০১.৩৩১৯, তারিখ-০৬/৬/১৮ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত ইউসিসিএ লি. এর নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণের সংশোধিত নীতিমালা অনুসরণ করতে হবে এবং সর্বোচ্চ সতর্কতা ও স্বচ্ছতা অবলম্বন করতে হবে। ঋণের সেবামূল্য সরল হারে (Flat rate method) বার্ষিক ১১% হবে।

(ঙ) ঋণ গ্রহণেচ্ছু সদস্যগণের ঋণ প্রক্রিয়াকরণের সময় জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত (এআরডিও কর্তৃক) কপি আবশ্যিকভাবে দাখিল করতে হবে। ঋণ বিতরণের সময় জাতীয় পরিচয় পত্রের মূল কপির সাথে সদস্যের স্বাক্ষর, ছবি ও অন্যান্য তথ্য মিলিয়ে দেখতে হবে। ঋণ গ্রহীতার নাম ও অন্যান্য তথ্য সভ্য রেজিস্ট্রারের সাথে মিল থাকতে হবে।

(চ) আদায় অগ্রগতি নিয়মিত মনিটর করার জন্য সাপ্তাহিক ঋণ আদায় শীট (WCS) ব্যবহার নিশ্চিত করতে হবে।

২। উপপরিচালক, খুলনা এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রূপসা, খুলনা এর ঋণ বিতরণ কার্যক্রম ব্যক্তিগতভাবে তদারকি করে সুষ্ঠু বিতরণ নিশ্চিত করবেন, যাতে ১০০% ঋণ ও সেবামূল্য আদায় নিশ্চিত হয়। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।

৩। ঋণ বিতরণের পূর্বে সংশ্লিষ্ট সমিতির নামে আনুপাতিক হারে শেয়ার ও সঞ্চয় জমা নিশ্চিত করতে হবে।

৪। ঋণ বিতরণের তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে সমবায়ীদেরকে ঋণের সঠিক ব্যবহার ও যথাসময়ে ঋণ পরিশোধে উদ্বুদ্ধ করবেন।

সংযুক্তি: বর্ণনামতে ১৩ টি সমিতির নামের তালিকা।

২৮-৬-২০২০

নিতাই চন্দ্র সেন

পরিচালক

উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, খুলনা।

ফোন: +৮৮০২৮১৮০০০৬

ফ্যাক্স: +৮৮০২৮১৮০০০৩

ইমেইল: drfs@brdb.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫২১.৯৯.০০১.২০.১৫/১(৪)

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৭

২৫ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রূপসা, খুলনা।
- ২) সভাপতি, ইউসিসিএ লিমিটেড, রূপসা, খুলনা।
- ৩) উপপরিচালক(প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৮-৬-২০২০

ফেরদৌস মামুন শিমুল

উপপরিচালক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড


সরেজমিন বিভাগ  
ঋণ শাখা।

২০১৯-২০২০ অর্থবছরে রূপসা ইউসিসিএ লিমিটেড খুলনা এর নিজস্ব তহবিল থেকে মঞ্জুরীকৃত  
১৩ (তের) টি প্রাথমিক সমবায় সমিতির নামের তালিকা।

(লক্ষ টাকায়)

ক্র: নং	সমিতির নাম	সদস্য সংখ্যা	ঋণের খাত	২০১৯-২০২০ অর্থবছরে নিজস্ব তহবিল থেকে চূড়ান্ত অনুমোদিত ঋণ
১	শিয়ালী মধ্য পাড়া মহিলা সমবায় সমিতি লি.	৩২	চিংড়ী চাষ	১১.৫০
২	শিয়ালী পূর্ব পাড়া মহিলা সমবায় সমিতি লি.	৩৪		১১.১০
৩	ডোবা পূর্ব পাড়া মহিলা সমবায় সমিতি লি.	২৮		৯.০০
৪	গোয়াড়া উত্তর পাড়া মহিলা সমবায় সমিতি লি.	২২		৬.৩০
৫	নূতনদিয়া পশ্চিম পাড়া মহিলা সমবায় সমিতি লি.	২৬		৮.০০
৬	বান্দাখাল মহিলা সমবায় সমিতি লি.	২২		৭.০০
৭	পিঠাভোগ পশ্চিম পাড়া মহিলা সঃ সমবায় সমিতি লি.	১২		৩.০০
৮	ডোবা উত্তর পাড়া মহিলা সমবায় সমিতি লি.	৫২		১২.৮০
৯	ডোবা দক্ষিণ পাড়া মহিলা সমবায় সমিতি লি.	১৭		৪.৩০
১০	গোয়াড়া দক্ষিণ পাড়া মহিলা সমবায় সমিতি লি.	৩২		৯.৫০
১১	সিন্দুরডাঙ্গা মহিলা সমবায় সমিতি লি.	৪০		১১.৫০
১২	ধোপাখোলা উত্তর পাড়া মহিলা সমবায় সমিতি লি.	১৭		৬.০০
১৩	ধোপাখোলা উত্তর পাড়া কৃষক সমবায় সমিতি লি.	২৫		১০.০০
	সর্বমোট	৩৫৯		১১০.০০

কথায়: এক কোটি দশ লক্ষ টাকা।

  
মো: সফাত আজাদ  
সহকারী পরিচালক (ঋণ)  
বিআরডিবি, ঢাকা।  
০১৭২৪-৫৩৩৩৫৫